

## আহ্বান

নারী,  
তুমি এভাবে দাড়িয়ে থেকে না,  
তাকিয়ে থেকে না এভাবে  
যেভাবে তাকালে আমি থমকে যাই  
যেভাবে ডাকলে আমি নির্বাক হয়ে যাই ।

এভাবে বলো না কোনো কথা  
ভেবো না আমায় এমন করে  
যতটা ভাবলেই আমি হারিয়ে যাই ।

হারাই পথ  
লুটাই সম্বল ।

জাভেদ আকতার  
প্রথমকবিতা@জিমেইল.কম